

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো  
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০৪৮.২৪- ১৭৭

তারিখঃ ৩ মার্চ, ২০২৫

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলায় সাব গ্রুপের গঠন সংক্রান্ত নির্দেশনা/নীতিমালা লঙ্ঘনপূর্বক গঠনকৃত সাব গ্রুপের সদস্যদের অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণের জন্য অনলাইন সফটওয়্যারে ঋণ প্রক্রিয়াকরণের ডাটা এন্ট্রি করায় এআরডিও ও মাঠ সংগঠক কর্তৃক অনৈতিকভাবে আর্থিক লাভবান হওয়ার সুযোগ তৈরী হয়েছে। এছাড়া প্রকল্প সদর দপ্তরকে যথাসময়ে উপজেলায় সংঘটিত বিভিন্ন ধরনের আর্থিক অনিয়মের বিষয়ে অবহিত না করায় বিপুল পরিমাণ অর্থ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হওয়ার মাধ্যমে প্রকল্প/কর্মসূচি'র আর্থিক ক্ষতিসাধন হয়েছে; যা হিসাব সহকারী হিসেবে দায়িত্ব পালনে অনীহা/অবহেলার সামিল হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায়, হিসাব সহকারী হিসেবে দায়িত্ব পালনে অনীহা/অবহেলার জন্য বিপুল পরিমাণ অর্থ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হওয়ার মাধ্যমে প্রকল্প/কর্মসূচি'র আর্থিক ক্ষতিসাধন হওয়ায় আপনাকে অযোগ্য এবং অদক্ষ হিসেবে বিবেচনা করে কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর অনুচ্ছেদ ২৪ (খ) মোতাবেক দোষী সাব্যস্ত করে বিধি ২৫ (খ) (ই) মোতাবেক কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ হতে কেন বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি সদর কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

  
০৩.০৩.২৫,  
এ,এস,এম সোলায়মান  
উপ প্রকল্প পরিচালক

জনাব আবুল হাসান  
হিসাব সহকারী  
ইরেসপো, বিআরডিবি, কালিগঞ্জ, ঝিনাইদহ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ কালিগঞ্জ জেলাঃ ঝিনাইদহ।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ঝিনাইদহ।
৪. ব্যক্তিগত নথি।

**সদয় অবগতির জন্যঃ**

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।